দৈনিক
ইনকিলাব

তারিখ ... 7 OCT 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৪ ......

# জবির ভর্তি পরীক্ষার ফরম নিয়ে কালোবাজারি

## কয়েকজন আটক : বেশকিছু ফরম উদ্ধার

জগন্নাথ বিশ্ববিদ্যালয় রিপোর্টার : চলতি ২০০৯-১০ শিক্ষাবর্ষের জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের ভর্তি পরীক্ষার ফরম সংগ্রহ নিয়ে প্রায় প্রতিদিনই কালোবাজারির ঘটনা ঘটছে। এ ঘটনার সঙ্গে জড়িত কয়েকজনকে আটক করা হয়েছে। এ সময় তাদের কাছ থেকে বেশকিছু ফরমও উদ্ধার করা হয়। আটককৃতদের কাছ থেকে বিশ্ববিদ্যালয়ের পরিচয় পাওয়ার পরও তাদের ছেড়ে দেয়া হয়েছে। ১ অক্টোবর থেকে সোমবার পর্যন্ত বিশ্ববিদ্যালয় শাখা ও ফার্মগেট শাখায় ফরম বিক্রি হয়েছে ১৭ হাজার ১৪টি। এদিকে শিক্ষা মন্ত্রণালয়ের নির্দেশ পাওয়ার পর বিশ্ববিদ্যালয়ের চার ইউনিটের ভর্তি ফরম অনলাইনে বিতরণ ও জমা নেয়ার সিদ্ধান্ত নিয়েছে কর্তৃপক্ষ। ঘটনার সঙ্গে জড়িতদের বিরুদ্ধে একাডেমিক ব্যবস্থা নেয়া হবে বলে জানিয়েছে বিশ্ববিদ্যালয়ের প্রক্টর কাজী আসাদুজ্জামান। তিনি বলেন, অবৈধ কাজের সঙ্গে জড়িত থাকার কারণে তাদের বিরুদ্ধে প্রশাসনিক ব্যবস্থা নেয়া হবে।

জানা যায়, এরা সবাই বিশ্ববিদ্যালয়ের ছাত্র। কালোবাজারির সঙ্গে জড়িতদের মধ্যে পরিচয় পাওয়া ১ জন হলো রসায়ন বিভাগের ৩য় সেমিস্টারের ছাত্র রাজন তালুকদার। গতকাল (মঙ্গলবার) তাকে পুলিশের হাতে তুলে দেয়া হয়েছে। থানা সূত্র জানিয়েছে, তাকে আটক রাখা হয়েছে। গত বৃহস্পতিবার থেকে জগন্নাথ বিশ্ববিদ্যায়ের স্নাতক ১ম বর্ষ ভর্তি ফরম বিতরণের মধ্য এ বছরের ভর্তির প্রক্রিয়া শুরু হয়েছে। ফর্ম বিতরণে সব ধরনের বিশৃঙ্খলা এড়াতে প্রতিটি ইউনিটের জন্য বিশ্ববিদ্যালয়ের পক্ষ থেকে পৃথক কমিটি গঠন করা হয়েছে। তা সত্ত্বেও ফরম বিতরণের তিন দিনের মাথায় কালোবাজারির ঘটনা ঘটেছে। ফরম বিতরণের এ কয়েক দিনে বিশ্ববিদ্যালয় শাখা ও ফার্মগেট শাখায় সর্বোচ্চ ফরম বিক্রি হয়েছে। সোমবার পর্যন্ত এ দুই শাখার সর্বমোট ১৭ হাজার ১৪টি ফরম বিক্রি হয়েছে। এর মধ্যে 'ক' ইউনিটের (বিজ্ঞান বিভাগ) ৩হাজার ৫০টি। 'গ' (বাণিজ্য বিভাগ) ইউনিটের ৫ হাজার ৫৫'টি। 'খ' ইউনিটের (মানবিক বিভাগ) ৪ হাজর ৬শ' ২৩টি ও 'ঘ' ইাউনিটের (বিভাগ পরিবর্তন) ৩ হাজার ৮শ' ৮টি। জানা গেছে, খ, গ ও ঘ ইউনিটের বেশকিছু ফরম বাতিল করা হয়েছে। ফরমগুলো বিভিন্ন কোচিং সেন্টার বিশ্ববিদ্যালয়ের ছাত্রদের মাধ্যমে কিনে চড়া দামে বিক্রি করে।

ফরম বিতরণের গত কয়েকদিনের তুলনায় গতকাল প্রচণ্ড ভিড় ছিল। উচ্চ শিক্ষায় আগ্রহীরা সকাল থেকেই বিশ্ববিদ্যালয় অবস্থিত অগ্রণী ব্যাংকেও ফার্মগেট এলাকায় অবস্থিত একই ব্যাংকের শাখায় দীর্ঘ লাইনে দাঁড়িয়ে ফরম সংগ্রহ করে। আগামী ২২ অক্টোবর পর্যন্ত এ ফরম বিতরণ চলবে। এ দিকে সোমবার লাইনে দাঁড়ানোকে কেন্দ্র করে ছাত্রলীগের এক পক্ষ অন্য পক্ষের বিরুদ্ধে মামলা করেছে। বিশ্ববিদ্যালয়ের অর্থনীতি বিভাগের ১ম সেমিস্টারের শিক্ষার্থী জহিরুল ইসলাম বাদী হয়ে এ মামলা করে। মামলা নং ৫, ১৩ জনের আসামীর নাম উল্লেখ্যপূর্বক ও অজ্ঞাতনামা ১০ জনকে রাখা হয়েছে। মামলার এজহারে বলা হয়, বেআইনিভাবে জনতাবদ্ধে ধারালো অস্ত্র ও লাঠিসোঁটা নিয়া হত্যার উদ্যোগে গুরুতর জখম ও হুমকির অপরাধ করা হয়।